



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/20/2021

গভর্নর ক্যাথি হোচুল

**অভাবগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের সহায়তা প্রদান করার জন্য গভর্নর হোচুল ছুটির খেলনা, কোট এবং স্কুলে ব্যবহার্য সামগ্রী সংগ্রহ করার অভিযান সম্পূর্ণ হয়েছে বলে ঘোষণা করেছেন**

**5,355 দান সংগ্রহ করা হয়েছে**

গভর্নর ক্যাথি হোচুল আজ নিউ ইয়র্কের বার্ষিক রাজ্যব্যাপী ছুটির দানের অভিযান সম্পূর্ণ হয়েছে বলে ঘোষণা করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে অভাবী পরিবারগুলিকে উপকৃত করবে। ছুটির দানের মরশুমে সম্প্রদায়-ভিত্তিক সংগঠনগুলোকে সহায়তা করতে নতুন মোড়কবিহীন খেলনা, কোট ও স্কুলে ব্যবহার্য সামগ্রী সংগ্রহ করা হয়েছে।

"ছুটির কাছাকাছি এসে যাওয়ার সাথে আমরা এই উপহারগুলি রাজ্য জুড়ে বিতরণ করতে ব্যগ্র," **গভর্নর হোচুল বলেন।** "আমি তাদের ধন্যবাদ জানাতে চাই যারা তাদের দানের মাধ্যমে এই অভিযানকে সাফল্যমণ্ডিত করেছেন; আপনাদের উদারতার জন্য নিউ ইয়র্ক জুড়ে পরিবারগুলির ছুটি আনন্দময় হবে। মহামারীর ফলে তীব্র হয়ে ওঠা কষ্টের পরে এই উপহারগুলি এই মরশুমে যারা অভাবে দিন কাটাচ্ছেন তাদের জন্য উল্লেখযোগ্য পার্থক্য নিয়ে আসবে।"

অফিস অব জেনারেল সার্ভিসেসের (Office of General Services) মাধ্যমে এম্পায়ার স্টেট প্লাজায় এবং অন্যান্য আউটলেটে গৃহীত 5,355-টি দান নিউ ইয়র্ক জুড়ে সুবিধা-বঞ্চিত সম্প্রদায়ের পরিবারগুলির মধ্যে বিতরণ করা হবে। ড্রপ বক্সের মাধ্যমে 1,300-টি খেলনা দান করা হয়। চায়না গ্রেটার চেম্বার অফ কমার্স (China General Chamber of Commerce) 755-টি খেলনা দান করে এবং ইউনাইটেড ওয়ে অফ নিউ ইয়র্ক স্টেট (United Way of New York State) 4,055-টি খেলনা দান করে যার আঞ্চলিক বিশদ তথ্য নিম্নরূপ:

**আপস্টেট ইউনাইটেড ওয়েজ: 3,299-টি মোট উপহার**

- অ্যাডিরনড্যাকের UW: 1200-টি উপহার
- টম্পকিনসের UW: 708-টি উপহার
- কোর্টল্যান্ডের UW: 410-টি উপহার
- ব্রুমের UW: 631-টি উপহার
- গ্রেটার ক্যাপের UW: 350-টি উপহার

## ইউনাইটেড ওয়ে অফ NYC: 756-টি মোট উপহার

জেনারেল সার্ভিসের অফিসের ভারপ্রাপ্ত কমিশনার জিনেট ময় বলেন, "দানের এই মরসুমে, OGS এই বছরের নিউ ইয়র্ক স্টেটের ছুটির খেলনা, কোট এবং স্কুলের সামগ্রীর অভিযানকে সমর্থন করতে পেরে গর্বিত। এই গুরুত্বপূর্ণ উদ্দেশ্যে যারা দান করেছেন তাদের ধন্যবাদ জানাতে আমি গভর্নর হোচুলের সাথে যোগদান করছি। তাদের উদারতা ও অনুকম্পা আনন্দ ও ছুটির মনোভাব সেই সব সম্প্রদায়ে ছড়াতে সহায়তা করবে যাদের তা সব চেয়ে বেশি প্রয়োজন।"

চায়না জেনারেল চেম্বার অফ কমার্স ফাউন্ডেশনের (China General Chamber of Commerce Foundation) চেয়ারম্যান এবং ব্যাংক অফ চায়না USA (Bank of China USA) এর প্রেসিডেন্ট ও সিইও চেন জু বলেছেন, "এই বছর আমরা সকলেই বড় চ্যালেঞ্জগুলির মুখোমুখি হয়েছি, এই খেলনাগুলি আমাদের আশাবাদ ছড়িয়ে দেওয়ার এবং সম্প্রদায়কে প্রতিদান দেওয়ার অন্যতম উপায়। CGCC ফাউন্ডেশন গভর্নরের অফিসের সাথে তাদের এই দাতব্য উদ্যোগ নিয়ে কাজ করতে পেরে গর্বিত।"

ইউনাইটেড ওয়ে অফ নিউ ইয়র্ক স্টেটের (United Way of New York State) অন্তর্বর্তীকালীন সিইও কিথ বারসুহন বলেছেন, "ইউনাইটেড ওয়ে অফ নিউ ইয়র্ক স্টেট গভর্নর হোচুল এবং ওয়াল-মার্টের (Wal-Mart) সাথে তহবিল রূপান্তর করতে এবং কম ভাগ্যবান শিশুদের আনন্দ দিতে এমন খেলনা বিতরণ করতে পেরে গর্বিত। আমাদের 211NY হেল্পলাইন সিস্টেম ও তার সাথে স্থানীয় ইউনাইটেড ওয়েজের শক্তিশালী নেটওয়ার্ক এবং পরিষেবা প্রদানকারীদের সাথে তাদের সম্পর্কের কারণে আমরা মহামারীর প্রকোপের সর্বাধিক সময়ে ঠিক যেমন দেখিয়েছিলাম, সেরকমভাবে শিশু এবং পরিবারগুলি কোথায় সব চেয়ে বেশি প্রয়োজন তা জানার জন্য আমাদের কাছে প্রয়োজনীয় সরঞ্জাম রয়েছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)